

## দিনাজপুরে ৫৯টি শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ সম্পন্ন

### ■ দিনাজপুর রিপোর্টার

গত অর্ধ বছরে দিনাজপুর জেলার ১৩টি উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অর্থায়নে ২৯ কোটি ১২ লাখ ৩৫ হাজার টাকা ব্যয়ে ৬৭টি শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ ও সংস্কার প্রকল্প গ্রহণে ৫৯টি প্রতিষ্ঠানের কাজ সম্পন্ন করা হয়েছে। দিনাজপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোঃ ওবায়দুল ইসলাম জানান, গত অর্ধ বছরে জেলার ১৩টি উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সংস্কার, ঘেরামত এবং নতুন শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ ও সীমানা প্রাচীর নির্মাণ সংক্রান্ত প্রকল্প গ্রহণ করা হয়। গৃহীত ৬৭টি প্রকল্পের শিক্ষা প্রকৌশল অধিদপ্তর থেকে ২৯ কোটি ১২ লাখ ৪৫ হাজার টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। প্রাপ্ত অর্ধে গৃহীত প্রকল্পের ৫৯টি প্রতিষ্ঠানের নির্মাণ কাজ গত বছর ৩০ জুনের মধ্যে সম্পন্ন করা হয়েছে।

গত ৩১ জুলাই নির্মাণ ও সংস্কারকৃত প্রতিষ্ঠানগুলো ব্যবহারের জন্য সরাসরি শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা হয়। অর্ধশত ৮টি প্রতিষ্ঠানের কাজ ৩০ থেকে ৬০ ডায় সম্পন্ন করা হয়েছে। আগামী ডিসেম্বর মাসের মধ্যেই ওই ৮টি প্রতিষ্ঠানের কাজ সম্পন্ন করে হস্তান্তর করা হবে। গত অর্ধ বছরে বরাদ্দকৃত ২৯ কোটি ১২ লাখ ৩৫ হাজার টাকার মধ্যে ১২ কোটি ৮৬ লাখ ৮৫ হাজার টাকা নিয়োজিত ঠিকাদারকে পরিশোধ করা হয়েছে। অবশিষ্ট ১৬ কোটি ৮২ লাখ ৮০ হাজার টাকা প্রদান প্রক্রিয়াধীন রয়েছে।